


স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০১৮/ ১৯২

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪-০৮-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণীতে মেধা তালিকা, অপেক্ষমান মেধা তালিকা ও বিশেষ কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত তফসিল অনুযায়ী ভর্তি হতে হবে।

তফসিলঃ

- ১। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ইউনিট সমূহের ভর্তি পরীক্ষার ফলাফল আগামী ২০-১১-২০১৮ তারিখের মধ্যে প্রকাশ করা হবে এবং উক্ত ফলাফল সংশ্লিষ্ট ইউনিট এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd/admission-এর মাধ্যমে জানা যাবে। মেধা তালিকায় ছাত্র-ছাত্রীদের ভর্তি ২৫-১১-২০১৮ থেকে ০৫-১২-২০১৮ তারিখ পর্যন্ত। তবে, ইউনিট সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের ২৫-১১-২০১৮ তারিখ থেকে ২৮-১১-২০১৮ ইং তারিখের মধ্যে সাক্ষাৎকার প্রক্রিয়া সম্পন্ন করবে।
 - ২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মেধা তালিকায় অন্তর্ভুক্ত ছাত্র-ছাত্রীগণ আগামী ২৫-১১-২০১৮ তারিখ থেকে ০৫-১২-২০১৮ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট সভাপতির অফিস থেকে ভর্তির আবেদনপত্র ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতঃ সংশ্লিষ্ট ডীন, বিভাগীয় সভাপতি ও হল প্রভোস্টের সুপারিশ নিয়ে ০৫-১২-২০১৮ তারিখের মধ্যে (অফিস চলাকালিন সময়ে) একাডেমিক শাখায় জমা দিতে হবে এবং ০৫-১২-২০১৮ তারিখের মধ্যেই নির্ধারিত ভর্তি ও আনুসঙ্গিক ফি' অগ্রণী ব্যাংক ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। উক্ত তারিখের পর মেধা তালিকার ছাত্র-ছাত্রীদের আর ভর্তি করা হবে না।
 - ৩। মেধা তালিকা হতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীগণ ০৯-১২-২০১৮ তারিখ হতে ১২-১২-২০১৮ তারিখ পর্যন্ত ইউনিটভুক্ত বিভাগে আসন খালি থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহের মধ্যে বিভাগ পরিবর্তনের মাধ্যমে ভর্তি হতে পারবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিট প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
 - ৪। মেধা তালিকা হতে ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান মেধা তালিকার ছাত্র-ছাত্রীগণকে ১৭-১২-২০১৮ তারিখ থেকে ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে তফসিলের ২ নং অনুচ্ছেদ মোতাবেক ভর্তির আবেদনপত্র সংগ্রহ করে ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে (অফিস চলাকালিন সময়ে) একাডেমিক শাখায় জমা দিতে হবে এবং ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে ব্যাংকে টাকা জমা দিয়ে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে, অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তিকৃতদের ইউনিটের মধ্যে বিভাগ পরিবর্তনের বিষয়টি আসন খালি থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট উক্ত সময়ের মধ্যে সম্পন্ন করতে পারবে।
 - ৫। বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা), উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী ও খেলোয়াড়) এবং পোষ্য কোটায় (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা) ভর্তিচ্ছু প্রার্থীদের (ছাত্র-ছাত্রী) নির্বাচনের বিষয়ে কার্যাদি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট আহবায়কের অফিস থেকে নোটিশ করা হবে এবং নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ১৭-১২-২০১৮ তারিখ থেকে ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে তফসিলের ২ নং অনুচ্ছেদ মোতাবেক (অপেক্ষমান মেধা তালিকার ভর্তির সময়-সীমার মধ্যে) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
 - ৬। ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে (ক) ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ ও আইন ও শরীয়ত অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তি ও আনুসঙ্গিক ফি' বাবদ ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৭,৬৫০/= (সাত হাজার ছয়শত পঞ্চাশ) টাকা, (খ) ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৮,২৫০/= (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং (গ) ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য ১(এক) বছরের পরিবহন ফি'সহ ৯,১৫০/= (নয় হাজার একশত পঞ্চাশ) টাকা অগ্রণী ব্যাংক ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি হতে হবে। এ ছাড়াও ডীনের প্রত্যয়ন ফি' বাবদ ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকা, বিভাগের বিভাগ উন্নয়ন ফি' বাবদ ৩,০০০/= (তিন হাজার) টাকা ও অনাবাসিক ছাত্র-ছাত্রী হিসেবে হল সংযুক্তি ফি' বাবদ ৯১৫/= (নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জমা দিতে হবে।
 - ৭। আগামী ১৫-০১-২০১৯ তারিখ থেকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাসসমূহ শুরু হবে।
 - ৮। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের আবেদনপত্রের সাথে (১) পাসপোর্ট আকারের ২(দুই) কপি (আরো চার কপি ছবি অন্য অফিসে জমা দেওয়ার জন্য সাথে রাখতে হবে) সত্যায়িত ছবি, (২) মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাশের সনদ/একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট-এর প্রত্যেকটির এক কপি সত্যায়িত অনুলিপি, (৩) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, (৪) পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ও (৫) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।
- ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রত্যেককে আবেদন পত্রের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। মূল সনদপত্র/একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না। উল্লেখ্য এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, সনদ পত্র (যে কোন ধরনের সনদ পত্র) ইত্যাদি জাল/ভূয়া বলে প্রমাণিত হয় তবে অত্র বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।


 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
 ইসলামী বিশ্ববিদ্যালয়
 কুষ্টিয়া।